প্রথম আলো

তারিখ 12 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭

শিক্ষা ও স্বরাষ্ট্রমন্ত্রীর সভা

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য-মালিকদের সঙ্গে বৈঠক ১৭ জুলাই

**নিজস্ব প্রতিবেদক ●**

জঙ্গিবাদ দমনে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও মালিকদের নিয়ে বৈঠক ডাকা হয়েছে। ১৭ জুলাই সকাল সাড়ে ১০টায় রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে এ সভা হবে। সভার আয়োজক পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক।

গতকাল সোমবার বিকেলে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা, শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে বৈঠক করে এই সভার তারিখ ও সময় চূড়ান্ত করেন।

বৈঠকে উপস্থিত একজন বলেন, বৈঠকে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জঙ্গি কার্যক্রমে জড়িয়ে যাওয়া নিয়ে আলোচনা হয়। কীভাবে এসব বন্ধ করা যায়, তা নিয়েও আলোচনা হয়।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ *প্রথম আলো*কে বলেন, কীভাবে এসব প্রতিরোধ করা যায়, তা নিয়ে ১৭ জুলাইয়ের সভায় আলোচনা হবে।

গুলশানের হলি আর্টিজান বেকারি ও শোলাকিয়া ঈদগাহ মাঠের কাছে জঙ্গি হামলার ঘটনায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী সরাসরি জড়িত ছিলেন। এঁদের মধ্যে হলি আর্টিজানে হামলাকারী নিবরাস ইসলাম বেসরকারি ওই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী এবং শোলাকিয়ায় হামলাকারী আবির রহমান বর্তমান শিক্ষার্থী। আবির কয়েক মাস ধরে নিখোঁজ ছিলেন। এঁরা দুজনই হামলার পর ঘটনাস্থলে নিহত হয়েছেন। ব্লগার আহমেদ রাজীব হায়দার হত্যা মামলায় বিশ্ববিদ্যালয়টি থেকে বহিষ্কৃত কয়েকজন শিক্ষার্থীর সাজা হয়েছে। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে যাচ্ছে, এই প্রতিষ্ঠানে এক সেমিস্টার অননুমোদিতভাবে অনুপস্থিত থাকলে ছাত্রত্ব বাতিল হবে। এ বিষয়ে শিক্ষামন্ত্রী গতকাল বলেন, এটা কোনো জঙ্গিবাদবিরোধী সিদ্ধান্ত হতে পারে না। এটা একাডেমিক সিদ্ধান্ত হতে পারে। জঙ্গিবাদ দমনে তাঁদের আরও উদ্যোগী হতে হবে। সরকারের সিদ্ধান্ত মানতে হবে।